দৈনিক ইত্তেফাক

তারিখ ........ 
পৃষ্ঠা ........ কলাম ........

# বাকৃবির প্রশাসন ভবনে তালা রেজিস্ট্রার ও প্রক্টর অবরুদ্ধ

॥ বাকৃবি সংবাদদাতা ॥

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) প্রথম বর্ষের (লেভেল-১, সেমিষ্টার-১) শিক্ষার্থীরা তাদের ভর্তি বহাল রাখার দাবিতে গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সামনে অবস্থান ধর্মঘট করে। এ সময় শিক্ষার্থীরা তাদের দাবি আদায়ের কোন আশ্বাস না পেয়ে প্রশাসন ভবনে তালা ঝুলিয়ে দেয়। এতে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রকসহ দুই শতাধিক কর্মকর্তা-কর্মচারি প্রায় এক ঘণ্টা অবরুদ্ধ হয়ে পড়েন। উদ্ভূত পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের মাৎস্য বিজ্ঞান অনুষদের ডীন কার্যালয়ে ডীন কাউন্সিলের সভায় প্রথমবর্ষের শিক্ষার্থীদের ভর্তি বহাল রাখতে বেশ কিছু নতুন সিদ্ধান্ত নেয়া হয়। পরে আশ্বাস পেয়ে আনন্দ মিছিল বের করেন আন্দোলনকারী শিক্ষার্থীরা।

নতুন নিয়ম অনুযায়ী ক্লাস টেস্ট না দেয়া এবং ক্লাসে ৬০ শতাংশ উপস্থিতি না থাকায় এ বছর বাকৃবিতে ভর্তি হওয়া ৪০ থেকে ৪৫ শতাংশ শিক্ষার্থীর ভর্তি বাতিলের প্রক্রিয়া চলছে। ভর্তি বহাল রাখার দাবিতে এসব শিক্ষার্থীর ধারাবাহিক আন্দোলনের অংশ হিসাবে গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনে তালা ঝুলিয়ে ভবনের সামনে অবস্থান ধর্মঘট পালন করেন। ফলে ভেতরে অবরুদ্ধ হয়ে পড়েন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ নজিবুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ তোফাজ্জল হোসেনসহ প্রায় দুই শতাধিক কর্মকর্তা-কর্মচারি। উদ্ভূত সমস্যা সমাধানে মাৎস্য বিজ্ঞান অনুষদের ডীন কার্যালয়ে ডীন কাউন্সিলের এক জরুরি সভা বসে। সভা চলাকালেই খবর পেয়ে বাকৃবির সহকারি প্রক্টর প্রফেসর ড. কাজী শাহনারা আহমেদ, ড. আলমগীর হোসেন, মোঃ সাইদুর রহমান এবং ছাত্র কল্যাণ ও নির্দেশনা কার্যালয়ের বিশেষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ড. এ. কে. এম. জাকির হোসেন ঘটনাস্থলে এসে শিক্ষার্থীদের শান্ত করার চেষ্টা করেন। তারা দাবি আদায়ের আশ্বাস দিলে বেলা সাড়ে ১২টার দিকে প্রায় এক ঘণ্টা পর শিক্ষার্থীরা প্রশাসন ভবনের তালা খুলে দেন।